গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
www.ajmiriganj.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬০২.০০১.০৫.০৫১.২৩-৯২ তারিখ.০৭ ফেব্রুয়ারি ২০২৩

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ১২ জুলাই ২০১৬ খ্রি: তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ২২৭-আইন/২০১৬ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা- ২০১১ মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আজমিরীগঞ্জ উপজেলার ১নং আজমিরীগঞ্জ ইউপি/২নং বদলপুর ইউপি/৩নং জলসুখা ইউপি এর গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূণ্য পদে নিয়োগ প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
০১	দফাদার	৩০ বছর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** মহল্লাদার পদে অন্যূন ১০ (দশ) বছরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	মহল্লাদার	৩০ বছর	সরাসরি নিয়োগের মাধ্যমে	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** অষ্টম শ্রেণী পাস বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট(জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী:

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ বরাবর আগামী ২৩.০২.২০২৩খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে। কোন আবেদন স্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের আওতাধীন হতে হবে।

০৩। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৪। প্রার্থীর বয়সসীমা আগামী ২৩.০২.২০২৩ খ্রিস্টাব্দ তারিখে ২০ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে ।

০৫। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক লি. আজমিরীগঞ্জ শাখার ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি দাখিল করতে হবে:-

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের কপি

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

(গ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ

(ঘ) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি

(ঙ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্যপদের সংখ্যা	মন্তব্য
০১	১ নং আজমিরীগঞ্জ ইউ/পি	১ ও ৭ নং ওয়ার্ড	০২ টি	
০২	২ নং বদলপুর ইউ/পি	৫ ও ৯ নং ওয়ার্ড	০২ টি	
০৩	৩ নং জলসুখা ইউ/পি	৫,৬,৮ ও ৯ নং ওয়ার্ড	০৪ টি	
		১ হতে ৯ নং ওয়ার্ড	০১ টি	দফাদার
০৪	৪ নং কাকাইলছেও ইউ/পি			
০৫	৫ নং শিবপাশা ইউ/পি	-	-	শূন্যপদ নেই

০৭/০২/২৬

(সুলতানা সালেহা সুমী)
উপজেলা নির্বাহী অফিসার
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
মোবাইল: ০১৭৩০-৩৩১১৩৯
ই-মেইল: unoajmiriganj@mopa.gov.bd

জেলা প্রশাসক
হবিগঞ্জ
অনুলিপি সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে-
০১। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
০৩। চেয়ারম্যান----------ইউপি (সকল), আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
০৪। সচিব----------ইউপি (সকল), আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
০৫। অফিসকপি